ΕΛΛΗΝΙΚΗ ΔΗΜΟΚΡΑΤΙΑ
Υπουργείο Μετανάστευσης & Ασύλου

# ডাবলিন -৩ এর প্রবিধান



ডাবলিন-৩ প্রবিধানের উদ্দেশ্য হলো আশ্রয় কার্যপ্রণালীতে সরাসরি প্রবেশ এবং আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন ইউরোপের একটি সদস্য রাষ্ট্র দ্বারা এককভাবে তা পর্যবেক্ষণ। প্রবিধানই নির্ধারণ করে কোন সদস্য রাস্ট্রের দ্বায়িত্বে একটি আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পর্যবেক্ষণ হবে।

দ্বায়িত্ব নির্ধারণের জন্য ব্যবহৃত মানদণ্ড অনুযায়ী তা নিম্নরুপ:

- পারিবারিক বন্ধন
- সম্প্রতি একটি সদস্য রাষ্ট্রে প্রবেশের অনুমতি (ভিসা) অথবা বসবাসের অনুমতি দখল এবং
- যদি আবেদনকারী বৈধ বা অবৈধভাবে ইউরোপিয়ান ইউনিয়নে প্রবেশ করে।

## ডাবলিন -৩ এর প্রবিধান কি

ডাবলিন -৩ এর প্রবিধান নির্ধারণ করে ইউরোপীয় রাষ্ট্রগুলোর মধ্যে কোনটি প্রতিশ্রুতিবদ্ধ আপনার আবেদন পর্যবেক্ষণের জন্য।

যখন আপনি আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন করবেন, তখন আপনার এবং আপনার পরিবারের সদস্যের যাদের বয়স চৌদ্দ (১৪) বছরের উপর তাদের আঙ্গুলের ছাপ নেওয়া হবে। আঙ্গুলের ছাপগুলো ইউরোপীয় ডাটাবেস ইউরোডাক -এ প্রবর্তিত হয়, যার লক্ষ্য হলো ডাবলিন-৩ এর প্রবিধান কার্যকর করা।

ডাবলিন-৩ প্রবিধান বাস্তবায়নকারী দেশ হলো ২৭ টি ই ই ইউ দেশ ( অস্ট্রিয়া, বেলজিয়াম, বুলগারিয়া, ফ্রান্স, জার্মানি, ডেনমার্ক, গ্রীস, এস্তোনিয়া, আয়ারল্যান্ড, স্পেন, ইতালি, ক্রোয়েশিয়া, সাইপ্রাস, লাটভিয়া, লিথুনিয়া, লুক্সেমবার্গ, মালটা, নেদারল্যান্ডস, হাঙ্গেরি, পোল্যান্ড, পর্তুগাল, রোমানিয়া, স্লোভাকিয়া, স্লোভানিয়া, সুইডেন, চেক প্রজাতন্ত্র এবং ফিনল্যান্ড) এবং ৪টি সহযোগী দেশ ( সুইজারল্যান্ড, আইসল্যান্ড, লিস্টেনস্টাইন এবং নরওয়ে)।

ব্রেক্সিটের পর যুক্তরাজ্য এখন ৩১/১২/২০২০ পর্যন্ত জমা দেওয়া আবেদনগুলোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ। যুক্তরাজ্যের এখন আর কোন নতুন আবেদন পাঠানো সম্ভব নয়।

## অন্য সদস্য রাষ্ট্রে পরিবার- নির্ভরতা এবং মানবিক কারণ:

যদি আপনি অভিভাবকহীন অপ্রাপ্ত বয়স্ক হন এবং আপনার পরিবারের কোন সদস্য ( পিতামাতা, ভাইবোন, চাচা/মামা, দাদাদাদী/নানা নানী) ডাবলিন-৩ এ অন্তর্ভুক্ত কোনো রাষ্ট্রে বৈধভাবে থাকেন, তবে সেই রাষ্ট্র আপনার আবেদন পরীক্ষার জন্য দায়বদ্ধ, যদি এটি আপনার সর্বোত্তম স্বার্থের অনুকূলে হয়। পৃষ্ঠার শেষে দেওয়া ফর্মগুলোর উপর ভিত্তি করে আপনার স্বার্থ মূল্যায়ন করা হয় যা আপনার প্রতিনিধি দ্বারা পূরণ করতে হবে।

যদি আপনি প্রাপ্তবয়স্ক হন এবং আপনার পরিবারের কোন সদস্যের যার সাথে নির্লিপ্তভাবে সেই সম্পর্ক গণপতি দেশে বিদ্যমান ছিল কিনা এবং সে যদি আন্তর্জাতিক আশ্রয়ের সুবিধাভোগী হিসেবে উপরে উল্লেখিত রাষ্ট্রগুলোর মধ্যে কোন একটিতে বসবাস করে থাকে, তবে সেই রাষ্ট্র আপনার আবেদন পরীক্ষার জন্য দায়বদ্ধ, যদি উভয় পক্ষের সম্মতি থাকে।

**যাদের পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করা হয়**

- যেসকল দম্পতি অথবা সঙ্গী-সঙ্গীনী অবাধ মেলামেশায় স্থিতিশীল সম্পর্ক বজায় রাখে (যদি শর্তে থাকে যে, সদস্য দেশের আইন ও অনুশীলন অবিবাহিত দম্পতিদের সাথে তৃতীয় দেশের আইনের অধীনে বিবাহিত দম্পতিদের অনুরূপ আচরণ করবে)
- আপনার অপ্রাপ্তবয়স্ক সন্তান ( শর্তে থাকে যে, যদি অবিবাহিত হয়, সন্তানের জন্ম বিবাহোত্তর বা বিবাহপূর্ব হয় অথবা দত্তক সন্তানের ক্ষেত্রে সে দেশের জাতীয় আইন অনুযায়ী সংজ্ঞায়িত হবে)
- যদি আপনি প্রাপ্তবয়স্ক হন এবং গর্ভাবস্থার কারণে, সাম্প্রতিক প্রসব, গুরুতর অসুস্থতা, গুরুতর প্রতিবন্ধিতা, অথবা বার্ধক্যের কারণে আপনার সন্তান, ভাই-বোন অথবা পিতা-মাতার উপর নির্ভর করেন, এবং যারা সদস্য রাষ্ট্রে বৈধভাবে বসবাস করেন, তবে সদস্য রাষ্ট্রগুলো আপনাকে এই শর্তে একত্রিত করতে পারে যে জন্মউৎপত্তি দেশ পারিবারিক বন্ধন বিদ্যমান ছিল। যাতে করে নির্ভরশীল ব্যক্তি যথাযথ যত্ন পেতে পারে এবং আগ্রহীরা যদি লিখিতভাবে তাদের ইচ্ছা প্রকাশ করে। বিপরীত ক্ষেত্রেও একই রকম প্রযোজ্য, অর্থাৎ সদস্য রাষ্ট্রে বৈধভাবে বসবাস করা আপনার সন্তান,ভাই-বোন, বাবা-মা আপনার সাহায্যের উপর নির্ভরশীল হয়।

  গ্রীস, মূল মামলার প্রথম সিদ্ধান্ত গ্রহণের পূর্বে যে কোন সময়ে মানবিক দিক বিবেচনা, বিশেষ করে পারিবারিক বা সাংস্কৃতিক মানদণ্ডের ভিত্তিতে সদস্য রাষ্ট্রের এর নিকট পৃষ্ঠপোষকতার জন্য অনুরোধ জমা দিতে পারে, যাতে আপনার সাথে সম্পর্ক আছে এমন ব্যক্তির সাথে সমন্বয় করাতে পারে। যদি আগ্রহী পক্ষগুলো লিখিতভাবে তাদের সম্মতি প্রকাশ করে।

  **রেসিডেন্ট পারমিট - ভিসা- অবৈধ প্রবেশ- অন্য সদস্য রাষ্ট্রে পূর্বে বসবাস- পূর্ববর্তী আশ্রয়ের আবেদন**

যদি আপনি রেসিডেন্ট পারমিটের অধিকারী হন ( বৈধ অথবা যা ইতিমধ্যে ২ বছরের কম সময়ের মধ্যে মেয়াদ শেষ হয়ে গেছে) ডাবলিন-৩ এর প্রবিধান অনুযায়ী যে রাষ্ট্র আপনার রেসিডেন্ট পারমিট জারি করেছে সেই রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়বদ্ধ।

যদি আপনি প্রবেশ অনুমোদন (ভিসা) এর অধিকারী হন (যার মেয়াদ আছে অথবা ৬ মাসের কম সময়ের মধ্যে মেয়াদ শেষ হয়েছে) তবে ডাবলিন-৩ এর প্রবিধান অনুযায়ী যে রাষ্ট্র আপনার প্রবেশ অনুমোদন জারি করেছে সে রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়বদ্ধ।

যদি আপনার একাধিক রেসিডেন্ট পারমিট বা ভিসা থাকে, ডাবলিন-৩ এর প্রবিধান অনুযায়ী আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য কোন রাস্ট্রের দ্বায়িত্ব তা আপনার রেসিডেন্ট পারমিট বা প্রবেশ অনুমোদনের মেয়াদ এবং মেয়াদ শেষ হওয়ার তারিখ এর উপর নির্ভর করবে।

যদি, গ্রিসে আসার পূর্বে আপনি অন্য কোনো সদস্য রাষ্ট্রের অবৈধভাবে প্রবেশ করেন, তবে সেই রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল, যদি না আপনি এই সময়ের মধ্যে সদস্য হয়েছে রাষ্ট্রের সীমানা ছেড়ে চলে যান। অবহিত প্রবেশের বার(১২) মাস পর এই এখতিয়ারের অস্তিত্ব থাকে না।

যদি আপনি আপনার আবেদন জমা দেওয়ার পূর্বে অন্য কোন সদস্য রাষ্ট্রে ধারাবাহিকভাবে পাঁচ(৫) মাস বসবাস করে থাকেন, তবে আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য উক্ত রাস্ট্র দায়িত্বশীল।

প্রবেশের অনুমতি প্রয়োজন হয় না এমন কোনো সদস্য রাষ্ট্রের যদি বৈধভাবে প্রবেশ করেন, তবে সেই রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল।

যদি আপনি কোন সদস্য রাষ্ট্রের বিমান বন্দরে আন্তর্জাতিক ট্রানজিট এলাকায় আবেদন করেন, তবে সেই রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল।

যদি আপনি ইতিমধ্যে কোন সদস্য রাষ্ট্রে আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আবেদন জমা দিয়ে থাকেন, তবে সেই রাষ্ট্র আপনার আন্তর্জাতিক আশ্রয়ের আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল, যদি না আপনি তিন(৩) মাসের বেশি সময় ধরে সদস্য রাষ্ট্রের এলাকা ত্যাগ না করেন এবং আপনার আবেদন সুনির্দিষ্টভাবে প্রত্যাখ্যান করা না হয় এবং সেই রাষ্ট্র দ্বারা প্রয়োজনে প্রক্রিয়া সম্পন্ন করা না হয়।

**⚠সাবধান**

যদি উপরের কোন মানদণ্ড আপনার ক্ষেত্রে প্রযোজ্য না হয়, সেক্ষেত্রে আপনার আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল রাষ্ট্র হলো গ্রিস।

**যদি ডাবলিন-৩ অন্য কোন রাষ্ট্র আপনার আবেদন পরীক্ষার জন্য দায়িত্বশীল হয়**

উপরে উল্লেখিত মানদণ্ডের ভিত্তিতে যদি অন্য কোন সদস্য রাষ্ট্র আপনার আবেদন গ্রহণ করতে সম্মত হয়, সেক্ষেত্রে গ্রিসে করা আপনার আবেদনটি অগ্রহণযোগ্য বলে প্রত্যাখ্যান করা হবে এবং নিয়ম অনুযায়ী আবেদন গ্রহণের ছয়(৬) মাসের মধ্যে অন্য রাষ্ট্রে আপনাকে স্থানান্তরিত করা হবে।

এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপিল কমিটির নিকট আপিল করার অধিকার রাখেন। আন্তর্জাতিক আশ্রয় কার্যালয় অথবা স্বতন্ত্র আআশ্রয় শাখা যেখান থেকে আপনি সিদ্ধান্তটি পেয়েছেন এবং সিদ্ধান্তে উল্লেখিত সময়সীমার মধ্যে আপনাকে আপিল জমা করতে হবে।

**গুরুত্পূর্ণ তথ্য**

আন্তর্জাতিক আশ্রয়ের জন্য আপনার আবেদন জমা দেওয়ার সময় উপরে উল্লেখিত মানদণ্ডগুলোর কার্যকর প্রয়োগের জন্য আপনাকে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো আশ্রয় কার্যালয়ে অবহিত করতে হবে:

1. যদি অন্য কোনো সদস্য রাষ্ট্র কন্সুলার ভিসা থাকে
2. যদি অন্য কোনো সদস্য রাষ্ট্রে রেসিডেন্ট পারমিট থাকে
3. যদি অন্য কোনো সদস্য রাষ্ট্র দিয়ে অবৈধভাবে গ্রিসে প্রবেশ করেন
4. যদি গ্রিসে আসার পূর্বে অন্য কোনো সদস্য রাষ্ট্রে অবৈধভাবে বসবাস করে থাকেন এবং তা কতদিন যাবৎ।
5. যদি আপনার পরিবারের কোন সদস্য অন্য সদস্য রাষ্ট্রে বসবাস করে থাকেন এবং তা কোন মর্যাদা।

প্রয়োজনীয় সকল তথ্য অবশ্যই আপনাকে সরবরাহ করতে হবে এবং আপনার দখলে থাকা তথ্য প্রমাণাদি (শরণার্থী কার্ড, আপনার এবং আপনার পরিবারের সদস্যদের রেসিডেন্ট পারমিট, বৈবাহিক অবস্থা এবং অন্যান্য প্রশংসাপত্র, প্রবেশ অনুমোদন (ভিসা), অন্য দেশে আপনার উপস্থিতির প্রমাণ নথি, ভ্রমণ টিকেট, হোটেল রশিদ, বাড়ি ভাড়ার চুক্তিপত্র ইত্যাদি) জমা করতে হবে।

**জাতীয় ডাবলিন ইউনিটের সাথে যোগাযোগ**

তথ্যের জন্য **জাতীয় ডাবলিন ইউনিট** এর সাথে যোগাযোগ করুন।

প্রতিদিন যোগাযোগ করতে পারেন 213-1629157 এই নাম্বারে (যোগাযোগ সময় সকাল ১০:০০–১২:০০ টা)। যোগাযোগ শুধুমাত্র গ্রীক এবং ইংরেজি ভাষায় হয়ে

থাকে এবং অবশ্যই শরণার্থী কার্ডে উল্লেখিত আশ্রয় মামলার নাম্বার জানা থাকতে হবে।

এছাড়াও বৈদ্যুতনিক ম্যাসেজ ও করতে পারেন এই ঠিকানায়:

ম্যাসেজটি অবশ্যই গ্রিক অথবা ইংরেজি ভাষায় হতে হবে এবং বিষয়তে কার্ডে উল্লেখিত অস্র মামলার নম্বর লিখবেন এবং কার্ডের এক কপি দিবেন।

**ডাবলিন মামলায় অপ্রাপ্তবয়স্কদের স্বার্থের অনুকুলে সর্বোচ্চ মূল্যায়ন**

এটি একটি নতুন পদ্ধতি যা অঅভিভাবকহীন অপ্রাপ্ত বয়স্কদের পারিবারিক পুনর্মিলন আবেদনের চাহিদা পূরণ করবে।

জাতীয় ডাবলিন ইউনিট এই নতুন পদ্ধতি সৃষ্টি করেছে, যার উদ্দেশ্য ডাবলিন প্রবিধান ৬০৪/২০১৩ অনুসারে পারিবারিক পুনর্মিলনের আবেদনে অপ্রাপ্ত বয়স্কদের স্বার্থের অনুকুলে সর্বোচ্চ মূল্যায়নকে সহজতর করা

এর সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো সকল প্রয়োজনীয় তথ্য একত্রিত করা। যা অন্য সদস্য রাষ্ট্রগুলো চেয়ে থাকে অভিবাবকহীন অপ্রাপ্ত বয়স্কদের আবেদন মূল্যায়ন করার ক্ষেত্রে।

UNHCR, UNICEF এবং EASO এই পদ্ধতি তৈরিতে অবদান রেখেছিল। তারমানে হলো জাতীয় ডাবলিন ইউনিট বিভিন্ন এনজিও দ্বারা ব্যবহৃত বিভিন্ন পদ্ধতি এবং প্রতিবেদনগুলো বিবেচনায় নিয়েছিল।

ডাবলিন ইউনিটের অনুকূল স্বার্থের ফরমটি এবং চেকলিস্টের word এবং pdf, পাশাপাশি নির্দেশনাবলী ডাউনলোড করতে অনুগ্রহ করে এই ওয়েবসাইটে দেখুন:

https://migration.gov.gr/en/gas/diadikasies/doyvlino-iii/

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ডাবলিন ইউনিটের সাথে যোগাযোগ করুন: as.dpt.ndu@migration.gov.gr

**তথ্য:**

জাতীয় ডাবলিন ইউনিট

ঠিকানা: থিবোন ১৯৬-১৯৮, কেরানি ভবন, ২য় তলা, ১৮২৩৩

টেলিফোন—(০০৩০)২১৩-১৬২৯১৫৭ (সকাল ১০:০০- দুপুর ১২:০০)

ইমেইল - as.dpt.ndu@migration.gov